জীবন বীমা কর্পোরেশন
অর্থ ও হিসাব বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ জীবন বীমা কর্পোরেশনের ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়া ছক প্রণয়ন ও অনুমোদনের জন্য নৈতিকতা কমিটির ২৩তম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: জহুরুল হক, ম্যানেজিং ডাইরেক্টর (অতিরিক্ত সচিব)। |
| তারিখ | : | ০৬ মে, ২০২১, রবিবার, বেলা ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | জীবন সভা কক্ষ, জীবন বীমা কর্পোরেশন। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

১.০ আলোচনা:

সভাপতি উপস্থিত সকলকে (পরিশিষ্ট 'ক') স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুর করেন। তিনি জীবন বীমা কর্পোরেশনের ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়া প্রণয়ন নিয়ে আলোচনা করেন এবং খসড়া ছকটি উপস্থাপনের জন্য ফোকাল পয়েন্টকে নির্দেশ প্রদান করেন।

১.১ কমিটিতে আলোচনা করা হয় যে, ২০২১-২০২২ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের জন্য খসড়া ছকটি প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম এই ৩ (তিন) টি ক্ষেত্রে কার্যক্রম নির্ধারণ করার কথা বলা হয়েছে। ৩ (তিন) টি ক্ষেত্র নিম্নে উল্লেখ করা হলো:

১.১.১ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা:

প্রাতিষ্ঠানিক ব্যবস্থায় রয়েছে নৈতিকতা কমিটির সভা, নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, কর্ম-পরিবেশ উন্নয়ন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ, আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান ও পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ।

২য় পাতা দ্র:

১.১.২ আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন:

আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নে ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ, প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন এবং প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করার ৪(চার) টি উপ-ক্ষেত্র রয়েছে। সভায় অবহিত করা হয় যে, জীবন বীমা কর্পোরেশনে ক্যালেন্ডার বছরে বার্ষিক বাজেট অনুযায়ী ক্রয়-পরিকল্পনা করা হয় ও ওয়েবসাইটে প্রকাশ করা হয়। কিন্তু কর্পোরেশনে কোন প্রকল্প না থাকায় প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন এবং প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর এই ৩(তিন)টি উপ-ক্ষেত্র প্রযোজ্য নয়।

১.১.৩ শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম:

জীবন বীমা কর্পোরেশনের জন্য শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমসমূহের মধ্য হতে যে কোন উপযুক্ত ৫টি কার্যক্রম গ্রহণ করতে হবে। কমিটিতে আলোচনা হয় যে, শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমসমূহের মধ্যে ৫ (পাঁচ) টি কার্যক্রম হতে পারে পেনশন বীমা পলিসির মাসিক পেনশন BEFTN এর মাধ্যমে প্রদান, ওয়ান স্টপ সার্ভিস চালু, ব্যাংকিং চ্যানেলে প্রিমিয়াম আদায়, ডেবিট পুলের মাধ্যমে প্রিমিয়াম আদায় এবং মেয়াদোত্তর বীমা দাবী BEFTN এর মাধ্যমে প্রদান।

২.০ <u>আলোচনা শেষে কমিটির সিদ্ধান্তের সারসংক্ষেপ নিম্নে দেয়া হলো:-</u>

| ক্র: নং | ক্ষেত্রসমূহ আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা** | | |
| | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারের শেষ সপ্তাহে অনুষ্ঠিত হবে। | ফোকাল পয়েন্ট |
| | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ প্রতি কোয়ার্টারে পর্যালোচনা করা হবে ও ১০০% বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট জিএম |
| | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | রিজিওনাল অফিসে অংশীজনের অংশগ্রহণে সভা আহ্বান করতে হবে। উল্লেখ্য, অংশীজন (stakeholder) বলতে কর্পোরেশনে সেবা | রিজিওনাল অফিস ইনচার্জ |

৩য় পাতা দ্র:

| ক্র:নং | বিষয় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | গ্রহণকারী যেকোন ব্যক্তি/প্রতিষ্ঠান (সরকারি/ বেসরকারি), সুশীল সমাজের প্রতিনিধি (দপ্তর/ সংস্থার কাজের সাথে সংশ্লিষ্ট) এবং আওতাধীন মাঠপর্যায়ের কার্যালয়সমূহ কিংবা তাদের কর্মকর্তা-কর্মচারীকে বুঝাবে। প্রতিটি রিজিওনাল অফিসে ২ (দুই) টি করে মোট ১৬ (ষোল) টি অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হবে। | |
| | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচাব সংক্রান্ত ২০২১-২০২২ অর্থ বছরে জন্য মোট ৮ টি প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ম্যানেজার-প্রশিক্ষণ |
| | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | কর্পোরেশনের স্ব স্ব কার্যালয়ের কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম যেমন: স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদিকে বুঝাবে। প্রতি কোয়ার্টারে ২ (দুই) টি করে এ ধরণের ১০ (দশ)টি কার্যক্রম এ অর্থ বছরে গ্রহণ করার জন্য কমিটি সিদ্ধান্ত গ্রহণ করে। | সংশ্লিষ্ট অফিস |
| | ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ খসড়া প্রণয়ন করে ১৭ মে, ২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদনও নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| | ১.৭ আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | কর্পোরেশনের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| | ১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ০২ | **আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন** | | |
| | ২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | জীবন বীমা কর্পোরেশনে ক্যালেন্ডার বছরে বার্ষিক বাজেট অনুযায়ী ক্রয়-পরিকল্পনা করা হয় ও ওয়েবসাইটে প্রকাশ করা হয়। কর্পোরেশনে কোন প্রকল্প নাই। | সংশ্লিষ্ট দপ্তর |

৪র্থ পাতা দ্র:

| ক্র:নং | বিষয় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | কর্পোরেশনে কোন প্রকল্প নাই। | প্রযোজ্য নয় |
| | ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | কর্পোরেশনে কোন প্রকল্প নাই। | প্রযোজ্য নয় |
| | ২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | কর্পোরেশনে কোন প্রকল্প নাই। | প্রযোজ্য নয় |
| ০৩ | **শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** | | |
| | ৩.১ পেনশন বীমা পলিসির মাসিক পেনশন BEFTN এর মাধ্যমে প্রদান | জীবন বীমা কর্পোরেশন থেকে মাসিক পেনশন পলিসির টাকা প্রতি মাসে সংশ্লিষ্ট পলিসি গ্রাহককে চেক প্রদান করা হয়। উক্ত মাসিক পেনশন ১০ (দশ) বছর আবশ্যিকভাবে গ্রাহক বা তার নমিনি পেয়ে থাকে। উক্ত সময়ের জন্য মাসিক পেনশন BEFTN এর মাধ্যমে ব্যাংক হিসাবে প্রদান করা হলে বীমাগ্রাহককে অফিসে আসতে হবে না, অফিসের কাজও কমে যাবে। প্রাথমিকভাবে ঢাকা রিজিওনাল অফিসে (ডিআরও) উক্ত কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়। প্রতি কোয়ার্টারে ডিআরও অফিসে মোট মাসিক পেনশনগ্রাহকদের সংখ্যার ২৫% করে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ঢাকা রিজিওনাল অফিস |
| | ৩.২ ওয়ান স্টপ সার্ভিস চালু | কর্পোরেশনে রিজিওনাল অফিস আছে ৮টি। প্রতি কোয়ার্টারে ২টি করে মোট ৮টি রিজিওনাল অফিসে ওয়ান স্টপ সার্ভিস চালু করার সিদ্ধান্ত হয়। ওয়ান স্টপ সার্ভিস চালু করার মাধ্যমে বীমাগ্রাহকের সেবার মান বৃদ্ধি পাবে। | রিজিওনাল অফিস ইনচার্জ |
| | ৩.৩ ব্যাংকিং চ্যানেলে প্রিমিয়াম আদায় | জীবন বীমা কর্পোরেশনের বীমাগ্রাহকদের প্রিমিয়াম ব্যাংকিং চ্যানেলে আদায় করার জন্য ৩ (তিন)টি ব্যাংকের সাথে চুক্তি হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে ৩০০০ (তিন হাজার) টি বীমা পলিসির প্রিমিয়াম ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত ব্যাংকসমূহের মোবাইল অ্যাপস ব্যবহার করেও বীমাগ্রাহক প্রিমিয়াম প্রদান করতে পারবেন। | কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা সেল |
| | ৩.৪ ডেবিট পুলের মাধ্যমে প্রিমিয়াম আদায় | জীবন বীমা কর্পোরেশনের বীমাগ্রাহকদের প্রিমিয়াম ডেবিট পুলের মাধ্যমে আদায় করার জন্য সিদ্ধান্ত হয়। ২০২১-২০২২ অর্থ বছরে ১০০ (একশত) টি বীমা পলিসির প্রিমিয়াম ডেবিট পুলের মাধ্যমে আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। | কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা সেল |

৫ম পাতা দ্র:

| ক্র:নং | বিষয় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | ৩.৫ মেয়াদোত্তর বীমা দাবী BEFTN এর মাধ্যমে প্রদান | মেয়াদোত্তর বীমা দাবী একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বীমাগ্রাহকের ব্যাংক হিসাবে পরিশোধ করা হয়। BEFTN এর মাধ্যমে বীমাগ্রাহকের ব্যাংক হিসাবে উক্ত দাবী পরিশোধ করা হলে কর্পোরেশনরে সুনাম ও স্বচ্ছতা বৃদ্ধি পাবে। প্রাথমিকভাবে ২০০ (দুইশত) টি মেয়াদোত্তর বীমা দাবী BEFTN এর মাধ্যমে পরিশোধের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। | কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা সেল |

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৭।০৫।২০২১

(মো: জহিরুল হক)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

জীবন বীমা কর্পোরেশন

বিতরণ:

১। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

২। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

৩। যুগ্মসচিব, বাণিজ্যিক অডিট শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

৪। নৈতিকতা কমিটির সকল সদস্য, জীবন বীমা কর্পোরেশন।